

ছাত্র সমাবেশে শিক্ষাক্ষেত্রকে সম্ভ্রাসমুদ্রিত করার দাবী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বিভিন্ন ছাত্র সংগঠনের উদ্যোগে গতকাল শনিবার ঢাকায় আয়োজিত পৃথক পৃথক ছাত্র সমাবেশ থেকে বহিষ্ঠ ছাত্রবেতন, জলা পরিষদ বিল, বিভিন্ন খাতে করারোপ বাতিলের দাবী এবং শিক্ষাক্ষেত্রে সম্ভ্রাসের প্রতিবাদ জানানো হয়েছে।

ওইসব দাবীতে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের একাংশের উদ্যোগে গতকাল সকালে মুজা-ফ্রন থেকে একটি মিছিল বের করা হয়। মিছিলটি প্রেসক্লাবের সামনে এক সমাবেশে মিলিত হয় এবং সেখানে ছাত্রনেতা জুলতান মোহাম্মদ মুনসুর আহ-মদ ও মোস্তাফিজুর রহমান বাবুল বক্তব্য রাখেন। সমাবেশের প্রস্তাব পাঠ করেন নূর আহমেদ বকুল। প্রস্তাবে জেলা পরিষদ বিল পাসের প্রতিবাদ ও বহিষ্ঠ ছাত্র-বেতন, চিকিৎসা ফি, বেলভাড়া প্রত্যাহারের দাবী জানানো হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় সম্পর্কিত এক প্রস্তাবে ক্যাম্পাসে সম্ভ্রাস সৃষ্টি-কারীদের উপযুক্ত শাস্তি, পক্ষপাত-হীনভাবে অধ্যাপকদের উচ্ছেদ ও অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানানো হয়।

পরিষদ আজ আন্দোলনের পরবর্তী কর্মসূচী ঘোষণা করবে বলে জানা গেছে।

জাতীয় ছাত্রলীগ

জাতীয় ছাত্রলীগের সমাবেশটি অনুষ্ঠিত হয় সকালে নবাবপুর রোড সংগঠনের কার্যালয় প্রাঙ্গণে।

এতে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক ইনায়েতুর রহিম ও সাংগ-ঠনিক সম্পাদক এস, এম কামাল

(শেষ পৃ: ১-এর ক: স্র:)

ছাত্র সমাবেশ

(১ম পাতার পর)

হোসেন। বক্তারা ছাত্র গণ-আন্দো-লন নগ্নায় করার যেকোন ষড়যন্ত্র ঐক্যবদ্ধভাবে প্রতিহত করার জন্য ছাত্র-জনতার প্রতি আহ্বান জানান। সমাবেশ শেষে একটি মিছিল প্রেস-ক্লাবে গিয়ে শেষ হয়।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট

বহিষ্ঠ ছাত্র বেতন ও জেলা পরিষদ বিল বাতিলের দাবীতে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের আহ্বানে গতকাল দুপুরে কেন্দ্রীয় শহীদ মিনারে এক ছাত্রসভা অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি মোস্তফা ফারুক এতে সভাপতিত্ব করেন। বক্তব্য রাখেন আশরাফুল হক মুকুল, মাসুদ রানা, জহিরুল ইসলাম, বঙ্গবীর রশীদ ফিরোজ, নাইম উদ্দিন, তাসলিমা হোসেন নীলা ও মাহমুদুল্লাহমান বাবু।

ছাত্র সভা শেষে সংগঠনের একটি মিছিল শিক্ষা ভবনে গিয়ে শিক্ষা পরিদপ্তরের মহাপরিচাল-কের কাছে একটি স্মারকলিপি দেয়। স্মারকলিপিতে উল্লেখিত ৮ দফার মধ্যে রয়েছে বহিষ্ঠ ছাত্র-বেতন বাতিল, শিক্ষা খাতে জাতীয় আয়ের ৮ শতাংশ বরাদ্দ, জেলা পরিষদ বিল বাতিল ইত্যাদি।

ইসলামী ছাত্র শিবির

ইসলামী ছাত্র শিবিরের ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয় প্রেসক্লাবের সামনে। সেখানে বক্তব্য রাখেন সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের ও জাফর সাদেক। বক্তারা রাষ্ট্র-পতির পদত্যাগ-এই এক দফা দাবীতে বৃহত্তম ঐক্য গড়ে তোলার আহ্বান জানান। সমাবেশে আগামী ২০ থেকে ২৬শে জুলাই পর্যন্ত 'ছাত্র গণসংযোগ সপ্তাহ' পালনের কর্মসূচী ঘোষণা করা হয়।

সংগ্রামী ছাত্র জোট

ওয়াদুদ হালিম ও রিজাচাক আবদুর রহিম হত্যার প্রতিবাদে সংগ্রামী ছাত্র জোট গতকাল কেন্দ্রীয় শহীদ মিনারে প্রতিবাদ ও শোকসভার আয়োজন করে। নীরাঞ্জল ইসলাম-আব্বাসীর সভা-

পতিবে আমাদুল্লাহমান বিপন, সাইফুদ্দিন আহমদ মনি, এম এ জলিল, কাজী আবদুল্লাহ আল মামুন, আনানুল্লাহ আমান প্রমুখ সভায় বক্তব্য রাখেন।

বক্তারা সম্ভ্রাস সৃষ্টিকারীদের শাস্তি ও বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানান। পরে একটি মিছিল প্রেসক্লাব পর্যন্ত গিয়ে শেষ হয়।

বিপ্লবী ছাত্র মৈত্রী

গতকাল জহিরউদ্দিন স্বপ-নের সভাপতিত্বে অনুষ্ঠিত বিপ্লবী ছাত্র মৈত্রীর সম্পাদকমণ্ডলীর এক সভায় ক্যাম্পাসে সম্ভ্রাসী তৎ-পরতার নিন্দা করে শিক্ষার পরি-বেশ সৃষ্টি ও বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানানো হয়।

সম্মার অবস্থা অপরিবর্তিত

বৃহবার সলিমুল্লাহ হলে মাধ্যম ওলীতে আধাতপ্রাপ্ত সম্মার অবস্থা অপরিবর্তিত রয়েছে। উন্নততর চিকিৎসার উদ্দেশ্যে তাকে গতকাল পিজি হাসপাতাল থেকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।